

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৪৯

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - কারো সম্পদে অন্যায় হস্তক্ষেপ, ঋণ ও ক্ষতিপূরণ

আরবী

وَعَن سَمُرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ وَجَدَ عَيْنَ مَالِهِ عِنْدَ رَجُلٍ فَهُوَ أَحَقُ بِهِ وَيَتَّبِعُ الْبَيِّعُ مَنْ بَاعَهُ» . رَوَاهُ أَحْمد وَأَبُو دَاؤد وَالنَّسَائِيِّ

বাংলা

২৯৪৯-[১২] সামুরাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি তার মালামাল হুবহু কারো কাছে পায়, সে তার অধিক হকদার। ক্রেতা তাকে ধরবে (অনুসরণ করবে), যে তার কাছে বিক্রিকরেছে। (আহমাদ, আবূ দাউদ ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩৫৩১, নাসায়ী ৪৬৮৫, আহমাদ ২০৪১০, য'ঈফ আল জামি' ৫৮৭০। কারণ এর সনদে কাতাদাহ একজন মুদাল্লিস রাবী আর হাজ্জাজ বিন আরত্বত দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَنْ وَجَدَ عَيْنَ مَالِه) তূরিবিশতী বলেনঃ এ থেকে উদ্দেশ্য হলো- সম্পদ হতে তা লুণ্ঠন করা হয়েছে অথবা চুরি হয়েছে অথবা নষ্ট হয়ে গেছে।

(مَنْ بَاعَه) অর্থাৎ- তার থেকে মূল্য গ্রহণ করা হবে। খত্ত্বাবী বলেনঃ এটা ছিনতাই করা এবং অনুরূপ ক্ষেত্রে যখন তার লুষ্ঠিত হওয়া সম্পদ অথবা চুরি হওয়া সম্পদ কোনো লোকের কাছে পাওয়া যাবে তখন সে তার অধিকারী হবে। যার কাছে মাল পাওয়া গেল সে যদি ঐ মাল কারো কাছ থেকে ক্রয় করে থাকে তবে বিক্রেতার নিকট থেকে ক্রেতা ঐ মালের মূল্য নিয়ে নিবে। ('আওনুল মা'বৃদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৫২৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন